কালের কণ্ঠ

তারিখ ...... 06 DEC 2017
পৃষ্ঠা ...... কলাম ......

হাইকোর্টে ঢাবি অধ্যাপক

# নন-ক্যাডার শিক্ষকদের জন্য স্বতন্ত্র বিধিমালা থাকা প্রয়োজন

**নিজস্ব প্রতিবেদক ▷**

সরকারি কলেজ পর্যায়ে বিসিএস নন-ক্যাডারভুক্ত শিক্ষকদের জন্য স্বতন্ত্র বিধিমালা করার পক্ষে অভিমত দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বাংলা বিভাগের অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির রিট আবেদনের ওপর শুনানিতে অ্যামিকাস কিউরি হিসেবে তিনি হাইকোর্টে এই অভিমত দিয়েছেন। তিনি বলেছেন, 'বিসিএস ক্যাডার ও নন-ক্যাডারদের জন্য স্বতন্ত্র বিধিমালা থাকা প্রয়োজন।

বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর হাইকোর্ট বেঞ্চে গতকাল মঙ্গলবার এই মত দেন অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক। এ সময় রিট আবেদনকারীর পক্ষে আইনজীবী অ্যাডভোকেট সালাহউদ্দিন দোলন ও রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস উপস্থিত ছিলেন। শুনানি আগামী ১৮ জানুয়ারি পর্যন্ত মুলতবি করা হয়েছে। এদিন আরো দুই অ্যামিকাস কিউরি ঢাবি ইতিহাস বিভাগের অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার কামাল উল আলমের বক্তব্য শুনবেন আদালত। গত ৩০ নভেম্বর এই তিনজনকে অ্যামিকাস কিউরি হিসেবে নিয়োগ দেন আদালত।

২০০০ সালে করা আত্তীকরণ বিধিমালা অনুসরণ করে সরকার জাতীয়করণ করা বেসরকারি কলেজের শিক্ষকদের বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে আত্তীকরণ করছে। এতে ক্ষুব্ধ বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকরা। তাঁরা এই সিদ্ধান্ত বাতিলের দাবিতে আন্দোলন করছেন। এরই ধারাবাহিকতায় বিধানটি বাতিল চেয়ে হাইকোর্টে রিট আবেদন করেছেন তাঁরা।